

মর্ত্যাসুর - সৃজন প্রধান

বছর বছর মূর্তি রূপেই, মহিষাসুর বধ করলে কত!
বাপের বাড়িতে এসে তুমি, অন্ধ হয়েই রইলে যত।

জীবন্ত অসুর মর্ত্যে যে মা, গণেশের খাবার করছে চুরি,
সিদ্ধিদাতার সিদ্ধিলাভেও, মিথ্যে বলছে ভুরিভুরি।

অলক্ষ্মীর দেশে লক্ষ্মীরা মা, থাকবে কেমন নিরাপদে?
এবার এসে দেখিস ওদের, কেমনে ওরা লুকিয়ে কাঁদে !

সরস্বতীর বিদ্যেরা সব, জলের স্রোতে গেলো ভেসে,
মূল্য তারা পাবে কেমন? দুর্নীতির এই মহান দেশে?

কার্তিকেরা অস্ত্র ফেলে, সেজেগুজে ঘুরছে পথে,
স্টাইলটা করে ভাবছে শুধুই, প্রেমিকা যদি একটা জোটে।

বাহনদের কথা বলবো কী মা! হচ্ছে প্রাচার রাগিভর,
গজদাঁত আর ময়ূর পালক, কিংবা পশুরাজের কেশর।

এখানে জীবন্ত দুর্গারা সব, নকল সেজে তুলছে ছবি,
অসুরবধ মা হবে কেমন? মেকি ভাঁওতায় ভর্তি সবই।

ভোলেবাবার পাগল ছেলে, ঢোঁকটা কেমন গিলছে দ্যাখো,
ঘুষের টাকা না নিলে মা, তোমার পূজা হবে নাকো।

তাইতো মাগো বলি তোমায়, দাওনা তোমার স্তানের আলো,
অন্ধকার এই অন্তরেতে, বিবেকবাণীর আগুন জ্বালো ।

দশভূজের শক্তি দিয়ে , ছড়াও তোমার কৃপাবারি,
অসুর নিধন তবেই হবে, আসবে তখন বাপের বাড়ি।